



Embassy of the People's Republic  
of Bangladesh  
Athens

### প্রেস বিজ্ঞপ্তি

এথেন্স, ১০ ডিসেম্বর ২০১৬

### গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশী নারীদের চ্যালেঞ্জ ও সম্ভাবনা শীর্ষক আলোচনা

আন্তর্জাতিক অভিবাসী দিবস উদযাপন উপলক্ষে সপ্তাহব্যাপী আয়োজনের অংশ হিসেবে গ্রীসে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে আজ অনুষ্ঠিত হল গ্রীসে বসবাসরত প্রবাসী বাংলাদেশী নারীদের চ্যালেঞ্জ ও সম্ভাবনা শীর্ষক আলোচনা। দূতাবাসের কাউন্সেলর (শ্রম) ড. সৈয়দা ফারহানা নূর চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় বক্তব্য রাখেন শেখ শাহীন আক্তার, স্বত্বাধিকারী, সিলিকা মিনি মার্কেট; জনাব মোঃ জাহিদুল হক, অধ্যক্ষ, বাংলাদেশ দোয়েল একাডেমী, এথেন্স, গ্রীস; মিসেস মরিয়ম বেগম মিতু, শিক্ষিকা, বাংলাদেশ দোয়েল একাডেমী, এথেন্স, গ্রীস; মিসেস আঞ্জুমান আরা বিউটি, রেমিট্যান্স অফিসার, এন বি এল, মানি ট্রান্সফার, গ্রীস; জনাব হাজী মোঃ আব্দুল কুদ্দুস, সভাপতি, বাংলাদেশ কমিউনিটি ইন গ্রীস এবং দূতাবাসের হেড অব চ্যান্সারী জনাব সুজন দেবনাথ। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে রাষ্ট্রদূতের পত্নী মিসেস শায়লা পারভীন বক্তব্য রাখেন। আলোচনা সভায় মুক্ত আলোচনা পর্বে গ্রীসের বসবাসরত গণ্যমান্য নেতৃস্থানীয় ব্যক্তিবর্গ গ্রীসে বসবাসরত নারীদের চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে মতামত প্রদান করেন। মহিলাদের ক্ষমতায়ন ও দেশের উন্নয়নে তাঁদের ভূমিকা বিষয়ে গুরুত্ব আরোপ করে বক্তারা তাঁদের সম্ভাবনাকে কাজে লাগানোর উপর জোর দেন। তাঁরা তাঁদের প্রতিভা এবং কর্মদক্ষতা বিকশিত করার বিষয়ে পরিবারের সকল সদস্যের সহযোগিতার কথা উল্লেখ করে ভবিষ্যতে আরো গুরুত্বপূর্ণ অবদান রাখার অঙ্গীকার ব্যক্ত করেন।

এই উপলক্ষে রাষ্ট্রদূত জনাব মোঃ জসীম উদ্দিন নারীর ক্ষমতায়নে বাংলাদেশের অনন্যসাধারণ অগ্রগতির কথা উল্লেখ করে গ্রীসে বসবাসরত বাংলাদেশী নারীদের জোরালো ভূমিকার উপর জোর দেন। বাংলাদেশের বিভিন্ন ক্ষেত্রে নারীর নেতৃত্বের কথা স্মরণ করে তিনি বলেন যে, বাংলাদেশ বর্তমান পৃথিবীতে এক বিশিষ্ট স্থানে নিজেদের প্রতিষ্ঠিত করতে সক্ষম হয়েছে। প্রবাসে নারীরা যেসব চ্যালেঞ্জ মোকাবেলা করেন তা নিরসনে নারীদের সাথে পুরুষদেরও একযোগে কাজ করার উপর তিনি গুরুত্ব আরোপ করেন।

একইদিন দুপুরে দূতাবাস প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় মহান বিজয় দিবস চিত্রাঙ্কন প্রতিযোগিতা। বিপুল সংখ্যক শিশু কিশোর এই প্রতিযোগিতায় অংশ নেয়। এই আয়োজনে প্রবাসী বাংলাদেশী শিশু কিশোরদের অভিভাবকসহ বিভিন্ন রাজনৈতিক, সামাজিক, সাংস্কৃতিক, আঞ্চলিক ও ব্যবসায়ী সংগঠনের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। গ্রীসে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত প্রতিযোগিতায় অংশগ্রহণকারী শিশু কিশোরদের মহান বিজয় দিবস উপলক্ষে আয়োজিত চিত্রাঙ্কন প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানান। এ সময় তিনি অভিভাবকদের প্রতিও কৃতজ্ঞতা প্রকাশ করেন।

.....



*[Signature]*

10.12.2016

119, Marathonodromon Street, 154 52 Palatio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250 (PABX) Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd

www.bdembassy.gr